


# ভার্ক পরিক্রমা

## ভার্কের মহান বিজয় দিবস-২০২৩ উদ্‌যাপন

মহান বিজয় দিবস উপলক্ষ্যে গত ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে "ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)" দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। প্রধান কার্যালয় থেকে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পন করা হয়। সকল শাখা ও প্রকল্প কার্যালয়ে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে স্থানীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। ভার্কের ঋণ কার্যক্রমের আওতাভুক্ত ১৭টি এরিয়ায় দিনব্যাপী মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক ফ্রি স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করা হয়। স্থানীয় জন প্রতিনিধি ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাদের মাধ্যমে ক্যাম্প উদ্বোধন করা হয়। প্রতিটি ক্যাম্পে গাইনী ও শিশু স্বাস্থ্য বিষয়ে বিশেষজ্ঞ ২জন ডাক্তার স্বাস্থ্যসেবা প্রদান করেন এবং সেবা গ্রহণকারী সকল রোগীকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হয়। এলাকার স্বাস্থ্য পরিস্থিতি খারাপ হওয়ায় এবং জনগন কাংখিত স্বাস্থ্যসেবা হতে বঞ্চিত হওয়ার কারনে স্বাস্থ্য ক্যাম্পে রোগীর উপস্থিতি অনেক বেশী ছিল। দিবসটি যথাযথ উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপন উপলক্ষ্যে ভার্কের ১০০টি শাখায় সমিতির সদস্যদের স্কুলে অধ্যায়নরত ছেলে মেয়ে এবং শাখার নিকটবর্তী স্কুলের শিশুদের অংশগ্রহনে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা হয়। শিশুরা বঙ্গবন্ধু, ভাষা আন্দোলন ও স্বাধীনতা এই তিনটি বিষয়ে চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহন করে। প্রতিযোগিতা শেষে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীসহ সকল অংশগ্রহনকারী শিশুকে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে স্থানীয় সরকারী কর্মকর্তা ও গন্যমান্য ব্যক্তিবর্গ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



## আত্মকর্মসংস্থান সৃষ্টিকল্পে ভার্ক -এর উদ্যোগে ১০০ জন বেকার যুবককে প্রশিক্ষণ প্রদান

যুব সমাজ দেশের সবচেয়ে বড় শক্তি, যুব সমাজ একটি দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের মূল চালিকা শক্তি। বিশ্বব্যাপী সামগ্রিক পরিবর্তন আনতে যুব সমাজের অবদান খুবই অপরিহার্য। এ দেশের বিরাট একটি অংশ যুবক, এই যুবসমাজকে দেশের সম্পদ হিসেবে তৈরী করতে সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। এর




ধারাবাহিকতায় কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার লক্ষণপুর ইউনিয়নে পিকেএসএফ-এর আর্থিক সহায়তায় ও ভার্ক-এর আয়োজনে ৪ টি ব্যাচে "স্বপ্ন আমরা উদ্যোক্তা হবো" শীর্ষক প্রশিক্ষণ ৩ই ডিসেম্বর,২০২৩ থেকে শুরু করে ১৩ই ডিসেম্বর,২০২৩ তারিখে শেষ হয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সকাল ৯টা থেকে শুরু করে বিকেল ৪টা পর্যন্ত লক্ষণপুর ইউনিয়নের ৪টি পৃথক স্থানে যুবক-যুবতীদের এর অংশ গ্রহনে শেষ হয়েছে। যুব প্রশিক্ষণ এর ফলে যুবকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টির তৎপরতা বৃদ্ধি পেয়েছে। পরবর্তিতে তাদের মধ্যে নিজেকে স্বাবলম্বী করে গড়ে ওঠার মানষিকতা তৈরী হবে।

## রাঙ্গাবালীতে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালিত

ভার্ক কর্তৃক বাস্তবায়িত কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন কর্মসূচি (ক্রিয়া ) প্রকল্পের উদ্যোগে পটুয়াখালী জেলার রাঙ্গাবালীতে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালিত হয়েছে। গত ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত ১৬ দিন নারী নির্যাতন পক্ষ উপলক্ষে সারা বিশ্বের সাথে মিল রেখে দিবসটি পালন করা হয়।

গত ২৫ নভেম্বর ২০২৩ তারিখে ডাঃ জহির উদ্দিন আহম্মেদ মহাবিদ্যালয় এ র‍্যালী, মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিবসটি পালনে প্রায় দুই শতাধিক নারী ও পুরুষ উপস্থিত ছিলেন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাঙ্গাবালী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জনাব এম সোহেল, ডাঃ জহির উদ্দিন আহম্মেদ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মোঃ আঃ রাজ্জাক, জাগো নারী প্রদিপ্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা ভূইয়া মোঃ ফরিদ উদ্দিন, ১নং রাঙ্গাবালী ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর মোঃ আলম, প্রকল্প সমন্বয়কারী মোঃ মোহসীন তালুকদার প্রমূখ। রাঙ্গাবালী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জনাব এম, সোহেল তার বক্তব্যে বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো




(বিবিএস) পরিচালিত ২০১১ সালের জরিপ মতে, শতকরা ৮৭ ভাগ নারী স্বামীর মাধ্যমে কোনো না কোনো ধরনের নির্যাতনের শিকার হন। জাতিসংঘের বিশেষ রিপোর্ট মতে, বাংলাদেশে ৬০ শতাংশ বিবাহিত নারী জীবনে কোনো না কোনো সময়ে স্বামী কিংবা তার পরিবার বা উভয়ের দ্বারা নির্যাতিত হন। এ ছাড়াও বিশ্বজুড়ে প্রতি ১০০ জনে ৭ জন নারী কোনো না কোনোভাবে যৌন নিপীড়নের শিকার হচ্ছেন এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যমতে, ৭ শতাংশ নারী সরাসরি ধর্ষণের শিকার হচ্ছেন। উন্নত-অনুন্নত সব দেশে নারীর প্রতি সহিংসতার চিত্র কম বেশী একই রকম ।

ডাঃ জহির উদ্দিন আহম্মেদ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মোঃ আঃ রাজ্জাক তার বক্তব্যে বলেন, সিলেটের এমসি কলেজে গণধর্ষনের স্বীকার নারী, খাগড়াছড়িতে বুদ্ধি প্রতিবন্ধী মেয়ের গণধর্ষনের ঘটনা কিংবা নোয়াখালিতে স্কুলছাত্রীকে ধর্ষনের পর কুপিয়ে হত্যা, এইসব ঘটনাই জানিয়ে দেয় বর্তমানে নারীর প্রতি সহিংসতার চিত্র কীরূপ। তবে প্রতিদিন এমন অসংখ্য ঘটনা ঘটে থাকে যা গণমাধ্যমগুলোতে প্রকাশও পায়না। সুতরাং প্রকৃতপক্ষে নারীর প্রতি সহিংসতার চিত্র আরো ভয়াবহ। এছাড়াও যৌতুকের জন্য গৃহবধুকে নির্যাতন, কন্যা সন্তান হওয়ার কারণে নির্যাতন প্রভৃতি সংবাদপত্রের কিংবা টেলিভিশনের নিত্যদিনের চিত্র। এই দিবসটি পালনের মূল উদ্দেশ্য হচ্ছে নারীর প্রতি সহিংসতা রোধ করা। জাগো নারী প্রদিপ্ত প্রকল্পের প্রকল্প কর্মকর্তা ভূইয়া মোঃ ফরিদ উদ্দিন,বলেন নারী নির্যাতন বলতে নারীদের ওপর দৈহিক, মানসিক, সামাজিক ও অর্থনৈতিক যে কোনো ধরনের নিপীড়ন ও নির্যাতনকে বোঝায়। ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত ১৬ দিনের নারী নির্যাতন পক্ষ সারা বিশ্বে পালিত হয়। নারীদের পক্ষে বক্তব্য রাখেন পশ্চিম নেতা নারী গ্রুপের সভাপতি মোসাঃ কল্পনা আক্তার, তিনি বলেন আমরা নারীরা ঘরে বাইরে নির্যাতিত। নারীদের অধিকার আদায়ে স্বাবলম্বী হতে হবে ।

প্রকাশনায়: ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)
বি-৩০, এখলাস উদ্দিন খান রোড, আনন্দপুর, সাভার,
ঢাকা -১৩৪০। ফোন: ০১৭১১৬৪৭৩০৩

## ইতিবাচক প্যারেন্টিং সেশন

নেদারল্যান্ড ভিত্তিক উন্নয়ন সহযোগী সংস্থা টেরে ডেস হোম্‌স নেদারল্যান্ডস (Terre des Hommes Netherlands) এর সহযোগিতায় এবং গার্সিয়া ফাউন্ডেশন (Garcia Foundation) এর আর্থিক সহায়তায় ভার্ক তৈরী



পোষাক শিল্পে নিয়োজিত শ্রমিকদের শিশুদের জীবনে বিকাশ ত্বরান্বিত করা এবং তাদের সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে "কমিউনিটি বেইজড চাইল্ড প্রোটেকশন মেকানিজম ফর দ্য চিলড্রেন অব গার্মেন্টস ওয়ার্কাস ইন বাংলাদেশ" (Community-Based Child Protection Mechanism for the Children of Garment Workers in Bangladesh) নামক একটি প্রকল্প গাজীপুর সদর উপজেলার গাজীপুর সিটি কর্পোরেশনের ১ এবং ২ নং ওয়ার্ডে বাস্তবায়ন শুরু করেছে। প্রকল্পের বিভিন্ন কাজের অংশ হিসাবে গত ১৫ই নভেম্বর ২০২৩ ইং তারিখে বারল ইসিডি সেন্টারে ৩০ জন ইসিডি সেন্টারের অভিভাবকদের নিয়ে **ইতিবাচক প্যারেন্টিং** সেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে উল্লেখযোগ্য আলোচনার মধ্যে ছিল, ইতিবাচক প্যারেন্টিংয়ের পরিচিতি, সন্তানের সাথে একটি শক্তিশালী সম্পর্ক গড়ে তুলতে করনীয়, সন্তানের জন্য বাড়ির পরিবেশ তৈরি করা, ছোট শিশুর জন্য ইতিবাচক শৃঙ্খলা কৌশল, শিশুর জন্য স্বাধীনতা, আত্ম-সম্মানকে উৎসাহিত করা এবং সন্তানের শেখা এবং বিকাশে সহায়তা করা এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য ইতিবাচক অভিভাবকত্ব। সেশন শেষে উপস্থিত অভিভাবকরা মন্তব্য করেন, তাদের কাজের চাপে অনেক সময় শিশুদের নিয়ে চিন্তা করার সময় পা্ওয়া যায় না, কিন্তু আজকের এই সেশনের পরে তারা বুঝতে পেরেছে, সন্তানদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য তাদের নিয়ে এখন থেকে ভাবতে হবে।

## ভার্কের নবাগত প্রোগ্রাম অর্গানাইজারদের ওরিয়েন্টেশন এবং মাঠ পর্যায়ে হাতে-কলমে শেখা ও মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদে পরিণত করার উদ্যোগ

গত ০৩ ডিসেম্বর, ২০২৩ তারিখ ২৩ জন নতুন প্রোগ্রাম অর্গানাইজারদের ওরিয়েন্টেশন এবং পরবর্তী ৪ দিন অর্থাৎ ৪-৭ ডিসেম্বর, ২০২৩ মাঠ পর্যায়ে



হাতে-কলমে প্রশিক্ষণ নিয়ে পরবর্তী ৫ দিন (১০-১৪ ডিসেম্বর, ২০২৩) মৌলিক প্রশিক্ষণে অংশ নেয়। মৌলিক প্রশিক্ষণে আলোচ্য বিষয় ছিল- ভার্ক পরিচিতি, যোগাযোগের মাধ্যমে কিভাবে মানুষের সাথে সম্পর্ক উন্নয়ন করা যায়, উদ্বুদ্ধকরণের কৌশল ও করনীয়, প্রোগ্রাম অর্গানাইজারদের দায়িত্ব ও কর্তব্য, মাঠ পর্যায়ে কাজের জন্য প্রস্তুতি, সমিতির কার্যকরী কমিটি গঠন প্রক্রিয়া, সমিতির কার্যকরী কমিটির দায়িত্ব ও কর্তব্য, সঞ্চয় ও সঞ্চয়ের গুরুত্ব, ঋণ নীতিমালা, ইত্যাদি।